দর্শনায় সুন্দরবন এক্সপ্রেস ট্রেনের যাত্রা বিরতি উপলক্ষ্যে বিজয় উৎসব

একতা আর আন্দোলনের জয় হলো ছাত্র জনতার দর্শনায় সুন্দরবন এক্সপ্রেস ট্রেনের যাত্রা বিরতি উপলক্ষ্যে-বিজয় উৎসব ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার রাত ১০ টায় দর্শনা হল্ট ষ্টেশনে ট্রেনের যাত্রা বিরতি উপলক্ষ্যে-বিজয় উৎসব ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

ছাত্রজনতার আয়োজনে দীর্ঘ দিনের দর্শনাসহ আশপাশের মানুষের প্রানের দাবি পৃরন হলো।এ সময় উপস্থিত ছিলেন,দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক ও দর্শনা মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি আলহাজ্ব মশিউর রহমান,দর্শনা থানার যুবদলের আহবায়ক জালাল উদ্দীন লিটন,দর্শনা ছাত্রদলের সভাপতি আরাফাত রহমান,দর্শনা ছাত্র সমন্বয়কের সাবেক যুগ্ন আহবায়ক তানভীর অনিক,এ আর রিফাত,প্রমুখ।পরে ছাত্র জনতা একটি কনসার্ট গানের আয়োজন করে।

চুয়াডাঙ্গায় ৩দিন ব্যাপী বিজয় উৎসবের সমাপনী অনুষ্ঠিত

প্রজন্ম থেকে প্রজন্মে হৃদয়ে বাংলাদেশ, চেতনায় বাংলাদেশ স্লোগানে চুয়াডাঙ্গায় মহান বিজয় দিবস উৎযাপন উপলক্ষে ৩দিন ব্যাপী বিজয় উৎসব ও সাংস্কৃতিক অনুষ্ঠানের সমাপনী হয়েছে। গতকাল বুধবার রাত দশটায় এই সাংস্কৃতিক অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসনে আয়োজনে মহান বিজয় দিবস উৎযাপন উপলক্ষে বিজয় মেলা ও বিজয় উৎসব উৎযাপন উপলক্ষে গত সোমবার সাংস্কৃতিক

অনুষ্ঠানের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম।

গত সোমবার প্রথম দিন সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশগ্রহণ করে চুয়াডাঙ্গা শিল্পকলা একাডেমির। দ্বিতীয় দিন চুয়াডাঙ্গা জেলার সাংস্কৃতিক ফোরামের আয়োজন অরিন্দম সাংস্কৃতিক সংগঠন ও সংলাপ সংগঠন সহ জেলার গুণীশিল্পীরা এবং সমাপনী দিনে চুয়াডাঙ্গা জেলার সাংস্কৃতিক ফোরামের আয়োজনে উদীচী শিল্পীগোষ্ঠি, দামুড়হুদা উপজেলার শিল্প গোষ্ঠী এবং জীবননগর শিল্প গোষ্ঠী অংশগ্রহণ করে এই আয়োজনে চুয়াডাঙ্গা জেলার শিল্পগোষ্ঠীর অংশগ্রহণে ছিলো গান, আবৃত্তি ও নৃত্য।

মহান বিজয় দিবস উৎযাপন উপলক্ষে গত সোমবার থেকে চুয়াডাঙ্গা শিল্পকলা মুক্তমঞ্চে এই আয়োজন চলে আসছিলো।